

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৫৬৭

কৈলাসহর, ২৮ জুন, ২০২৪

৩০ জুন ষোড়শ কৈলাসহর বইমেলার উদ্বোধন

আগামী ৩০ জুন ষোড়শ কৈলাসহর বইমেলার আনুষ্ঠানিক উদ্বোধন হবে। ছয় দিনব্যাপী এই বইমেলা কৈলাসহরের ভগিনী নিবেদিতা দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে শুরু হবে। বইমেলা সমাপ্ত হবে আগামী ৫ জুলাই। গতকাল কৈলাসহর মহকুমা শাসক কার্যালয়ে মহকুমা শাসক প্রদীপ সরকার এক সাংবাদিক সম্মেলনে একথা জানান। সাংবাদিক সম্মেলনে তিনি জানান, উনকোটি জেলা প্রশাসন ও কৈলাসহর পুরপরিষদের উদ্যোগে এই বইমেলার আয়োজন করা হয়েছে। আগামী ৩০ জুন বইমেলার অনুষ্ঠানিক উদ্বোধন করবেন যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিংকু রায়। বইমেলায় ২৩টি স্টল খোলা হবে। মেলায় প্রত্যেকদিন সন্ধ্যায় থাকবে সাংস্কৃতিক অনুষ্ঠান। বইমেলার উদ্বোধন উপলক্ষে ৩০ জুন বিকেলে ভগিনী নিবেদিতা দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে অনুষ্ঠিত হবে ছাত্রছাত্রীদের মধ্যে বসে আকেঁ প্রতিযোগিতা। আগামী ৩ জুলাই অনুষ্ঠিত হবে ভারত-বাংলা কবিতা উৎসব। সাংবাদিক সম্মেলনে কৈলাসহর পুরপরিষদের চেয়ারপার্সন চপলা দেবরায় বইমেলার সার্বিক সাফল্যের জন্য সকলের সহযোগিতা কামনা করেন। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন জেলা শিক্ষা আধিকারিক প্রশান্ত কিলিকদার, তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহঅধিকর্তা বিশ্বজিৎ দেব।

\*\*\*\*\*